গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd;ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৯.০০১.২১.১৬ — তারিখ: ২৬ মাঘ ১৪২৯ / ০৯ ফেব্রুয়ারি ২০২৩

## অফিস আদেশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার আয়োজনের বাধ্যবাধকতা থাকায় সারা বছেরের কার্যক্রম বিভিন্ন কোয়ার্টারে আয়োজনের পরিকল্পনার ভিত্তিতে নির্ধারিত সংখ্যক কার্যক্রম বাস্তবায়ন করা হয়। কিন্তু প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের তথ্য সংরক্ষণ করার কোন ব্যবস্থা বর্তমানে নেই। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.১ অনুযায়ী ট্রাস্ট কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের তথ্য সংরক্ষণ ব্যবস্থা চালু করার জন্য **‘প্রশিক্ষণ-কর্মশালার ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম’** নামে একটি সফটওয়্যার বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।বাস্তবায়নাধীন এ সিস্টেম চূড়ান্ত হলে এটি ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার সংক্রান্ত বিভিন্ন তথ্য এন্ট্রি, প্রদর্শন, সম্পাদনা, প্রতিবেদন প্রণয়ন ও ব্যবহার করা সম্ভব হবে।

৯-২-২০২৩
আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৮১৯২২০০
ইমেইল: md@pmeat.gov.bd

নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৯.০০১.২১.১৬/১(১৪) — তারিখ: ২৬ মাঘ ১৪২৯ / ০৯ ফেব্রুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
৪) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৫) উপসচিব , বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৬) ট্রাস্টের কর্মকর্তা (সকল)

৯-২-২০২৩
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.১ অনুযায়ী সেবা সহজিকৃত/ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভাবনী ধারণা আহবান।**

## দপ্তরের নাম: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**উদ্ভাবনী ধারণার শিরোনাম: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.১ অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাধ্যমে অনুষ্ঠিত অভ্যন্তরীণ ও বহি: প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের তথ্য সংরক্ষণ করার ব্যবস্থা চালু করার জন্য 'প্রশিক্ষণ-কর্মশালার ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম' কার্যক্রম বাস্তবায়ন।**

### কীভাবে যাত্রা শুরু/পটভুমি:

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী সারাবছর বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এর প্রেক্ষিতে ট্রাস্ট হতে প্রতি অর্থবছরে বিভিন্ন কোয়ার্টারে বিভিন্ন ধরণের বিষয়ের উপর নির্দিষ্ট সংখ্যক প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার আয়োজন করা হয়। বর্তমানে আয়োজিত প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের তথ্য সংরক্ষণ করার কোন ব্যবস্থা নেই। প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের তথ্য সংরক্ষণ করার ব্যবস্থা চালু করার জন্য **'প্রশিক্ষণ-কর্মশালার ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম'** নামে একটি সফটওয়্যার ট্রাস্টের আইসিটি শাখার উদ্যোগে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### প্রশিক্ষণ-কর্মশালার ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেমের বিবরণ:

'প্রশিক্ষণ-কর্মশালার ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যার ব্যবহারের জন্য প্রথমে নির্ধারিত লিংকে প্রবেশ করতে হবে। তারপর ব্যবহারকারীর ই-মেইল আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে সিস্টেমে লগইন করতে হবে। সিস্টেমে লগইনের পর একটি এডমিন প্যানেল ও ড্যাশবোর্ড পাওয়া যাবে। উক্ত এডমিন প্যানেলে কার্যক্রমের তথ্য এন্ট্রি, কার্যক্রমের তথ্য ব্যবস্থাপনা, প্রশিক্ষণের হাজিরা, ব্যবহারকারীর তথ্য এন্ট্রি, ব্যবহারকারীর তথ্য ব্যবস্থাপনা, রিপোর্ট ও অন্যান্য মেনু পাওয়া যাবে। এ সিস্টেম ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার সংক্রান্ত বিভিন্ন তথ্য এন্ট্রি, প্রদর্শন, সম্পাদনা ও রিপোর্ট দেখা যায়।

### উদ্ভূত সমস্যা:

পূর্বে প্রশিক্ষণ-কর্মশালার তথ্য ম্যানুয়াল পদ্ধতিতে হার্ডকপিতে সংরক্ষণ করা হত। প্রশিক্ষণ-কর্মশালার তথ্য অফিসের লোকাল কম্পিউটারে ওয়ার্ড ডকুমেন্ট আকারে এন্ট্রি ও সংরক্ষণ করতে হত। উক্ত পদ্ধতিতে প্রশিক্ষণ-কর্মশালার তথ্য সঠিকভাবে সন্নিবেশিত না থাকার কারণে অর্থবছর, পঞ্জিকাবর্ষ, তারিখ ইত্যাদির ভিত্তিতে খুঁজে বের করা অনেক দূরুহ ও কষ্টসাধ্য বিষয় ছিল। অনেক সময় প্রশিক্ষণ-কর্মশালার তথ্য পাওয়া যেত না। এমনকি কম্পিউটারের যান্ত্রিক সমস্যার কারণে অনেক ক্ষেত্রে অনেক পুরাতন তথ্য হারিয়ে যেত। এর ফলে প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের রেকর্ড সঠিকভাবে সংরক্ষণ করা সম্ভব হত না। ফলস্বরূপ, প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার আয়োজনের হিসাব ঠিকমত পাওয়া যেত না।

### এ উদ্যোগ/ধারণা কী কল্যাণ বয়ে আনবে:

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.১ নং কার্যক্রম অনুযায়ী প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের তথ্য সঠিক পদ্ধতিতে সংরক্ষণের লক্ষ্যে সম্প্রতি ট্রাস্ট অফিসে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণসমূহে প্রশিক্ষণ-কর্মশালার তথ্য সঠিকভাবে ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের জন্য একটি ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার চালু করার জন্য অংশগ্রহণকারীদের নিকট হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে **সফটওয়্যারের একটি খসড়া রূপরেখা প্রণয়ন** করা হয়। পরবর্তীতে উক্ত রূপরেখার আলোকে ট্রাস্টের আইসিটি শাখার উদ্যোগে 'প্রশিক্ষণ-কর্মশালার ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম' নামে একটি সফটওয়্যার প্রস্তুত


করা হয়। প্রস্তুতকৃত সফটওয়্যার উপস্থিত সকল অংশগ্রহণকারীগণের নিকট বিভিন্ন সময়ে আয়োজিত প্রশিক্ষণসমূহের মাধ্যমে প্রদর্শন ও সফটওয়্যারের বিভিন্ন দিক সম্পর্কে উপস্থাপন করা হয়। উক্ত সফটওয়্যারের মাধ্যমে ট্রাস্টের বিভিন্ন অভ্যন্তরীণ ও বহি: প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের তথ্য ডিজিটাল পদ্ধতিতে অনলাইনের মাধ্যমে এন্ট্রি ও সংরক্ষণ করা সম্ভবপর হবে। তাছাড়া উক্ত সফটওয়্যারে প্রশিক্ষণ/কর্মশালার বিষয়, সময়কাল, তারিখ, প্রশিক্ষক/আলোচকের নাম, পদবি, অফিসের নাম, যোগাযোগের নম্বর, প্রশিক্ষণের ছবি, নোটিশ, হাজিরা, প্রতিবেদন, আলোচকের ও সঞ্চালকের তথ্য, কোর্স পরিচালক, কোর্স সঞ্চালক, র‍্যাপোর্টিয়ারের তথ্য ইত্যাদি ডিজিটাল পদ্ধতিতে ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহারের মাধ্যমে এন্ট্রি, সংরক্ষণ, আপডেট করার ব্যবস্থা রাখা হয়েছে। যা, এডমিন প্যানেল/ড্যাশবোর্ড ব্যবহারের মাধ্যমে রিপোর্ট স্বয়ংক্রিয়ভাবে দেখার ও ডাউনলোড করার ব্যবস্থা আছে।

**'প্রশিক্ষণ-কর্মশালার ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম** সফটওয়্যার-এর প্রসেসম্যাপ (সংযুক্ত করা হয়েছে)

07/02/2026
অসীম কুমার পাল
সহকারী প্রোগ্রামার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

07.02.2026
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাউশি, ঢাকা
ইনসিটু: সহকারী পরিচালক (উপবৃত্তি)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

**পূর্বের অবস্থার প্রসেস ম্যাপ:**





মোট সময়: T=(৩০+৫+৫+৫+৫) মিনিট = ৫০ মিনিট

মোট খরচ: C=(৫+৫+০+০+০) টাকা = ১০ টাকা

মোট গমন: V=(১+১+০+০+১) বার = ৩ বার

## বর্তমান অবস্থার প্রসেস ম্যাপ:




মোট সময়: T=(১+৫+২) মিনিট = ৮ মিনিট
মোট খরচ: C=(০+০+০) টাকা = ১০ টাকা
মোট গমন: V=(০+১+০) বার = ০ বার

০৭|০২|২০২৬

অসীম কুমার পাল
সহকারী প্রোগ্রামার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

০৭.০২.২০২৬

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাউশি, ঢাকা
ইনসিট্. সহকারী পরিচালক (উপবৃত্তি)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট